মেহেরপুর ভৈরব নদে মাছের পোনা অবমুক্তকরণ

মেহেরপুর সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয় এর উদ্যোগে ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব খাতের আওতায় অভ্যন্তরীণ জলাভূমি, বর্ষা প্লাবিত ধানক্ষেত, প্লাবনভূমি, প্রাতিষ্ঠানিক জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণের উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর ভৈরব নদের পন্ডের ঘাট অংশে মাছের পোনা অবমুক্ত করণের উদ্বোধন করা হয়। সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড ইয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মাছের পোনা অবমুক্তকরণের উদ্বোধন করেন।

এসময় মেহেরপুর সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম, উপজেলা কৃষি কর্মকর্তা নাসরিন আক্তার,খামার ব্যবস্থাপক ইকবাল শরিফ, ক্ষেত্র সহকারী ফজলুর রহমান প্রমূখ উপস্থিত ছিলেন।

একই দিনে ভৈরব নদ দাসপাড়া ঘাট এলাকা ৬৫ কেজি,দিনদত্ত ব্রিজ সংলগ্ন সেওটিয়া নদীতে ৫০ কেজি, মরা গাঙ খালে ৫০কেজি, পুলিশ লাইন পুকুরে ৩০ কেজি, যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র পুকুরে ২০ কেজি,বুড়িপোতা ইউনিয়ন ভূমি অফিস পুকুরে ৩০ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়। ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব খাতের আওতায় ভৈরব নদ পন্ডের ঘাট এলাকায় ৭৫ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়।

মেহেরপুরে দুই মাদক ব্যবসায়ীর ৫ বছর কারাদণ্ড

মেহেরপুরের গাংনীতে ফেন্সিডিল রাখার অভিযোগে টকলু ও শরিফুল ইসলাম নামের দুই মাদক ব্যবসায়ীকে ৫ বছর করে সশ্রম কারাদণ্ড, ২ হাজার টাকা করে জরিমানা, অনাদায়ে আরো ২ মাসের কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে।

মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর স্পেশাল ট্রাইবুনাল ২য় আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ আদেশ দেন।

টকলু মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর মধ্য পাড়া গ্রামের শামসুল হকের ছেলে এবং শরিফুল ইসলাম কাজিপুর কাছারিপাড়া উজির আলীর ছেলে। সাজাপ্রাপ্ত শরিফুল ইসলাম পলাতক রয়েছে, শরিফুল কে আটকের দিন থেকে তার সাজা শুরু হবে।

মামলার বিবরণে জানা গেছে ২০১৪ সালের ২ ডিসেম্বর মেহেরপুর ডিবি পুলিশের একটি দল গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের আকুবপুর নামক স্থানে অভিযান চালায়। এ সময় ডিবি পুলিশ টকলু শরিফুলকে গ্রেপ্তার করেন। তাদের কাছ থেকে ১ টি মোটরসাইকেল ও ২৫ বোতল ফেন্সিডিল সহ জব্দ করেন। এবং দুজনকে গ্রেপ্তার করেন। ওই ঘটনায় ১৯৭৪ সালের স্পেশাল পাওয়ার অ্যাক্ট এর ২৫ (বি) ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং -১। গাংনী থানা। জি আর কেস নং ৩৩৬/১৪ । এস টি সি নং ১৩৮/১৫।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তার তৎকালীন ডিবি’র ওসি আখতারুজ্জামান মামলার প্রাথমিক তদন্ত শেষ করে ২০১৫ সালের ১৮ জুন মামলার চার্জশিট দাখিল করেন। মামলায় মোট ১২ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন। এতে আসামির টকলু ও শরিফুল দোষী প্রমাণিত হওয়ায় টকলু ও শরিফুল ইসলাম নামের দুই মাদক ব্যবসায়ীকে ৫ বছর করে সশ্রম কারাদণ্ড, ২ হাজার টাকা করে জরিমানা, অনাদায়ে আরো ২ মাসের কারাদণ্ডাদেশ দেন।মামলায় রাষ্ট্রপক্ষের অতিরিক্ত পিপি কাজি শহীদ এবং আসামিপক্ষে অ্যাডভোকেট আন্টু কৌশলী ছিলেন।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে হেরোইনসহ আটক-২

মেহেরপুরে মাদকবিরোধী অভিযানে জিনারুল (২৫) ও হাসান সেখ (২৮) নামে দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশের একটি দল।

গতকাল সোমবার মধ্যরাতে মেহেরপুর কাথুলী বাসষ্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত জিনারুল মেহেরপুর গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের আলী হোসেনের ছেলে এবং হাসান সেখ কুষ্টিয়া মিরপুর উপজেলার তালবাড়িয়া গ্রামের আবু শেখের ছেলে।

জানা গেছে গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর সদর থানার এসআই মনিরুজ্জামান ও এসআই ইমরুলের নেতৃত্বে পুলিশের একটি দল মেহেরপুর-কাথুলী সড়কের কাথুলী বাসস্ট্যান্ড অভিযান চালান। এসময় ওই দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন। তাদের কাছ থেকে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গায় অবৈধ যান বন্ধের দাবিতে ৯ সেপ্টেম্বর থেকে পরিবহন ধর্মঘটের ডাক

সড়কে অবৈধ যান চলাচল বন্ধের দাবিতে ৯ সেপ্টেম্বর থেকে পরিবহনের ধর্মঘটের ডাক দিয়েছেন চুয়াডাঙ্গা মালিক-শ্রমিক ঐক্য পরিষদ। চুয়াডাঙ্গার অভ্যন্তরীণ ৫টি রুটে পরিবহন ধর্মঘটের ডাক দিয়েছে জেলা পরিবহন মালিক শ্রমিক ঐক্য পরিষদ।
গতকাল সোমবার এগারো টায় সময় শহরের জেলা বাস-মিনিবাস মালিক সমিতির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এ ঘোষনা দেয়া হয়। এছাড়া দাবি আদায় না হলে আগামী ১৩ সেপ্টেম্বর থেকে চুয়াডাঙ্গার সাথে সারাদেশের সড়ক যোগাযোগ বন্ধেরও ডাক দেয় মালিক শ্রমিক নেতৃবৃন্দ।
সংবাদ সম্মেলনে বক্তারা বলেন,হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী সড়কে সব ধরনের অবৈধ যান চলাচল নিষিদ্ধ থাকলেও এবং চুয়াডাঙ্গায় জেলা আঞ্চলিক পরিবহন কমিটি এবং সড়ক নিরাপত্তা কমিটির সিদ্ধান্ত উপেক্ষা করে জেলায় অবৈধ থ্রি-হুইলার (এলপিজি), অটোরিক্সা, নসিমন, করিমন, ভটভটি চলাচল করছে। এসব পরিবহনের বৈধ কাগজপত্র নেই

উল্লেখ করে তারা বলেন, ড্রাইভিং লাইসেন্সবিহীন অপ্রাপ্ত বয়স্ক চালকরা এসব গাড়ি চালানোয় প্রায়ই দুর্ঘটনা ঘটছে। চুয়াডাঙ্গা জেলায় সে নিয়ম মানা হচ্ছে না। চুয়াডাঙ্গার আঞ্চলিক মহাসড়কের ৫টি রুটে অবৈধ ইজিবাইক, আলমসাধু, নসিমন, করিমন ও ভটভটিসহ তিন চাকার যান দাপিয়ে বেড়াচ্ছে। যার কারণে একদিকে যেমন বাড়ছে দুর্ঘটনায় প্রাণহানির সংখ্যা, আরেকদিকে ক্ষতিগ্রস্ত হচ্ছে পরিবহন শ্রমিকরা। এ পরিস্থিতি প্রশাসনকে বারবার জানালেও কোন উদ্যোগ নেয়া হয়নি। তাই পরিবহন ধর্মঘটের ঘোষণা দেয়া হয়।সম্মেলনে উপস্থিতরা আরও জানান, আগামী ৯ সেপ্টেম্বর থেকে আঞ্চলিক ৫টি রুটে বাস চলাচল বন্ধ থাকবে। পরে ১২ সেপ্টেম্বরের মধ্যে যদি দাবি আদায় না হয় তাহলে ২৩ সেপ্টেম্বর থেকে দূরপাল্লার যানও বন্ধ রাখা হবে। এতে জেলার সাথে সারাদেশের সড়ক যোগাযোগ বন্ধ হবে।
সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, জেলা সড়ক পরিবহন মালিক শ্রমিক ঐক্য পরিষদের সভাপতি হাবিবুর রহমান লাভলু, জেলা সড়ক পরিবহন মালিক সমিতির সাধারন সম্পাদক একেএম মঈন উদ্দিন মুক্তা, জেলা বাস-মিনিবার মালিক গ্রুপের সভাপতি সালাউদ্দীন, সাধারন সম্পাদক আবুল কালাম, জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারন সম্পাদক সাইফুল হাসান জোয়ার্দ্দাার টোকন, জেলা বাস-ট্রাক সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়নের সভাপতি এম জেনারেল ইসলাম, সাধারণ সম্পাদক রিপন মন্ডল সহ চুয়াডাঙ্গা মালিক-শ্রমিক ঐক্য পরিষদের নেতৃবৃন্দ।

দামুড়হুদার ইউএনও বদলি

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা থেকে একটি বটবৃক্ষের প্রস্থান হতে চলেছে। বটবৃক্ষটি আসলে একটি রক্ত মাংশে গড়া মানুষ! আর এই মানুষটা হলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। তাঁর বদলির আদেশ এসেছে, অল্প কয়েক দিনের মধ্যে দামুড়হুদা উপজেলাবাসীর মায়া ত্যাগ করে চলে যাবেন নতুন কর্মস্থলে। (পদন্নোতি সহ তার নতুন কর্মস্থল সিনিয়র সহকারী প্রধান (সিনিয়র সহকারী সচিব) ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন হিসাবে কাজ করার লক্ষ্যে, পরিকল্পনা বিভাগে ন্যাস্ত হচ্ছেন)। তাঁর এই বদলির আদেশের কথা শুনে কাঁদছেন উপজেলার হাজার হাজার মানুষ।

চুয়াডাঙ্গায় নতুন করে ১১ জন করোনায় আক্রান্ত

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা অনেকটাই কম ভয়াল পরিস্থিতি কিছুটা কাটিয়ে উঠেছে চুয়াডাঙ্গা। সোমবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ১১ জন। চুয়াডাঙ্গায় মোট ২০৮ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৮ জন এবং জেলার বাইরে ২০ জন। গত ২৪ ঘন্টায় নতুন করে ১১ জন করোনা আক্রান্ত হয়েছেন।

এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৭৭৩ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ সোমবার ৭৮ জনের নমুনা সংগ্রহ করেছে । এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৬ হাজার ৬৫৮ জন।এ দিকে ১২৪ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৭ হাজার ৩৪১ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে।

এ সময় ১১ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৭৭৩ জনে। সোমবার নতুন করে ২৩ জন করোনা রোগী সুস্থ হয়েছেন ।

এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ২৯৭ জন।বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ১৮ জন আর বাড়িতে আছেন ২৫০ জন। নতুন যে ১১ জন করোনা শনাক্ত হয়েছেন তার ভিতরে চুয়াডাঙ্গা সদর উপজেলার ৬ জন আলমডাঙ্গা উপজেলার ২ জন দামুড়হুদা উপজেলায় ১ জন এবং জীবননগর উপজেলার ২ জন ।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৭ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে সকলেই সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ৯.২৪ শতাংশ।

মেহেরপুরে ৫ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২ জন,গাংনী ২ জন, মুজিবনগরে ১ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৯৯ টি। তারমধ্যে ৪ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৬৩ জন। তার মধ্যে সদরে ২৪ জন, গাংনীতে ৩০ জন এবং মুজিবনগরে ৯ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৮ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৭ জন ও মুজিবনগরে ৩৯ জন।

গাংনীতে আহসান হাবীব সোনাকে মোটর শ্রমিকদের সংবর্ধনা

মেহেরপুরের গাংনীতে মেহেরপুর জেলা শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনাকে সংবর্ধনা দিয়েছে মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের গাংনী শাখা কার্যালয়ের নেতৃবৃন্দ। বাংলাদেশ সড়ক পরিবহন ফেডারেশন এর কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মনোনীত হওয়ায় সোমবার রাত সাড়ে টার দিকে গাংনী শাখা কার্যালয়ে এ সংবর্ধনা দেয়া হয়।

গাংনী শাখা কার্যালয়ের সভাপতি জমির উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সভাপতি ও সদ্য মনোনীত হওয়া বাংলাদেশ সড়ক পরিবহন ফেডারেশন এর কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি আহসান হাবীব সোনা।

শ্রমিক নেতা এনামুল হক এর সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন খুলনা আঞ্চলিক কমিটি ও মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ

সম্পাদক মতিয়ার রহমান।

এর আগে অতিথিদের ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানানো হয়। এ সময় জেলা ও উপজেলার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে গাঁজাসহ আটক-১

মেহেরপুরে গাঁজাসহ সিরাজুল ইসলাম পচা (৬০) নামের এক বৃদ্ধকে আটক করেছে জেলা ডিবি পুলিশ। সোমবার রাত সাড়ে ৮টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি থেকে তাকে আটক করা হয়।

আটক সিরাজুল ইসলাম পচা আমঝুপি বিশ্বাস পাড়ার মৃত খুসাল মন্ডলের ছেলে। মেহেরপুর ডিবি সূত্রে জানা গেছে, আমঝুপি এলাকায় মাদক নিয়ে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে এসআই মুক্ত রায় চৌধুরী এর নেতৃত্বে এএসআই আহসান হাবীব, এএসআই হেলাল উদ্দিন এএসআই মাহাতাব উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে আমঝুপি বিশ্বাস পাড়ায় অভিযান চালিয়ে ১’শ গ্রাম গাঁজাসহ সিরাজুল ইসলাম পচাকে আটক করা হয়।

তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি মাদক মামলার প্রস্তুতি চলছে। তার বিরুদ্ধে আরো একটি মাদকের মামলা রয়েছে।

মুজিবনগর স্বাস্হ্য কমপ্লেক্স ও বল্লভপুর মিশন হাসপাতালে গুডনেইবার্স অক্সিজেন

[redacted]

[redacted]